

#### অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ/পাইপলাইন অপসারণ:

গ্যাস কারচুপি ও অবৈধ গ্যাস ব্যবহার রোধকল্পে কেন্দ্রীয় ভিজিলাস বিভাগ, আঞ্চলিক ভিজিলাস বিভাগ ও রাজস্ব জোনসমূহ কর্তৃক শিল্প, সিএনজি, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও আবাসিক খেপীর গ্রাহক আঙিনা নিয়মিত পরিদর্শন এবং পরিদর্শনকালে কোন অসঙ্গতি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে ২০৬টি মোবাইল কোর্ট এবং ৩৭২টি কোম্পানির নিজস্ব অভিযানে উৎসমুখ চিহ্নিত ১২৬৭টি পয়েন্টে প্রায় ২১০ কিলোমিটার অবৈধ পাইপলাইনের গ্যাস সরবরাহ বন্ধ করা হয়েছে এবং এতে প্রায় ১,০৬,৪৫৯ টি বার্নারের অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন হয়েছে। এছাড়া, পরিদর্শনকালে গ্রাহক আঙিনায় বিভিন্ন ধরনের অসঙ্গতির কারণে আলোচ্য অর্থবছরে ৩৪১টি শিল্প, ৭৩টি ক্যাপটিভ, ১৫১টি বাণিজ্যিক ও ১১টি সিএনজি গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়।



অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান